## Part-B : Descriptive Type Questions : 55 Marks

### Section - B : Grammar : (Subjective)

**5.A. সন্ধি বিচ্ছেদ করো (যে-কোনো তিনটি)** $(1 \times 3) = 3$

শিরশ্ছেদ, নীরক্ত, ডাগ্‌ঘর, দংশন, বিচ্ছেদ

**B. সন্ধিবদ্ধ পদটি লেখো (যে-কোনো দুটি)** $[1 \times 2 = 2]$

উদ্ + যত, বিদ্বৎ + জন, বয়ঃ + সন্ধি, তির + কৃত

**6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো (যে-কোনো পাঁচটি)** $[1 \times 5 = 5]$

A. প্রতিকূল পরিস্থিতিতে কাজ করা অসম্ভব ব্যাপার।

B. আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে।

C. হরিপদবাবু মনে করেন শাঁখ-আলু চাষ করেই তিনি বেশি লাভবান হয়েছেন।

D. যদি সাহস থাকে প্রত্যক্ষভাবে কথা বলো।

E. কেউ সামাজিক কাজে এগিয়ে না গেলেও তুমি-আমি এগিয়ে যাব।

F. দেখিবারে আঁখিপাখি ধায়।

G. পিতৃদেব প্রায়ই ভ্রমণ করিয়া বেড়াইতেন।

**7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির রূপান্তর করো : (যেকোনো পাঁচটি)** $[1 \times 5 = 5]$

A. পশ্চাৎ রৌদ্র উঠিলে পরামর্শ করা যাইবে। *(জটিল বাক্যে)*

B. জামা কিনিতে গেলাম পাইলাম একপাটি মোজা। *(সরলবাক্যে)*

C. যদি বলি জ্ঞান শিক্ষা তবে তর্ক উঠিবে। *(যৌগিক বাক্যে)*

D. ছেলেটি মনোযোগী, তাই পরীক্ষায় ভাল ফল করল। *(জটিল বাক্যে)*

E. বৈজ্ঞানিকরা নাকি ভূত বিশ্বাস করেন না। *(জটিল বাক্যে)*

F. যখন সন্ধ্যা হয় তখন পাখিরা বাসায় ফেরে। *(সরলবাক্যে)*

G. জল দিয়া আমার প্রাণ দান করুন। *(যৌগিক বাক্যে)*

c. সরিৎ

d. পারাবার

## Section - B : Grammar : (MCQ)

2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো (যেকোনো তিনটি) ঃ

[1 × 3 = 3]

i. "ইলিশের মরশুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণা হইয়া যায়।"—বাক্যটির চলিত ভাষায় রূপ হবে—

a. ইলিশের মরশুম ফুরালে বিপুলা পদ্মা কৃপণা হইয়া যায়।

b. ইলিশের মরশুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণা হয়ে যায়।

c. ইলিশের মরশুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণা হইয়া যাবে।

d. ইলিশের মরশুম ফুরালে বিপুলা পদ্মা কৃপণা হয়ে যায়।

ii. "ডাকহরকরা মৃদুতালে ছুটিতে ছুটিতে চলিয়াছে।"—বাক্যটির চলিত ভাষায় রূপ হবে—

a. ডাকহরকরা মৃদুতালে ছুটিতে ছুটিতে চলছে।

b. ডাকহরকরা মৃদুতালে ছুটতে ছুটতে চলছে।

c. ডাকহরকরা মৃদুতালে আস্তে আস্তে চলছে।

d. ডাকহরকরা মৃদুতালে ছুটতে ছুটতে দৌড়াচ্ছে।

iii. "বৃদ্ধ তার চোখ দুটি তুলে আমার দিকে চাইলে।"—বাক্যটির সাধু ভাষায় রূপ হল—

a. বৃদ্ধ তার চোখ দুটি তুলিয়া আমার পানে চাহিল।

b. বৃদ্ধ তাহার চক্ষু দুইটি তুলিয়া আমার পানে চাহিল।

c. বৃদ্ধ তাহার চোখ দুইটি তুলিয়া আমার পানে চাহিল।

d. বৃদ্ধ তাহার চক্ষু দুটি তুলিয়া আমার পানে চাহিল।

iv. "অনেকদিন কেটে গেছে, বাপ্পা প্রায় বুড়ো হয়েছেন।"—বাক্যটির সাধু ভাষায় রূপ হল—

a. অনেকদিন কাটিয়া গেছে, বাপ্পা প্রায় বুড়ো হইয়াছেন।

b. অনেকদিন কেটে গেছে, বাপ্পা প্রায় বুড়ো হইয়াছেন।

c. অনেকদিন কাটিয়া গিয়াছে, বাপ্পা প্রায় বুড়ো হইয়াছেন।

d. অনেকদিন কাটিয়া গেল, বাপ্পা প্রায় বুড়ো হইয়াছেন।

v. "মেঘরাজ্যের উপরে উঠিয়া আসিয়াছে।"—চলিত বাক্যে রূপান্তরিত করলে হবে—

a. মেঘরাজ্যের উপরে উঠাইয়া আসিতেছি।

b. মেঘরাজ্যের উপরে উঠে এসেছি।

c. মেঘরাজ্যের উপরে উঠে আসলাম।

d. মেঘরাজ্যের উপরে উঠে আসিতেছি।

## Section-C : Main Course Book & Supplementary Reader/